# উত্তর দিনাজপুর জেলা পরিষদ,
## কর্ণজোড়াঃ রায়গঞ্জ।
### বিজ্ঞপ্তি

স্মারক সংখ্যাঃ 69 /উদিজেপ/রিসো;মোবিঃ/XX/জলাশয় পরিচালন(লিজ)/২০২১/০০৫ দিনাঙ্কঃ 14 /01/2026

এতদ্বারা সকলকে জানানো যাচ্ছে যে উত্তর দিনাজপুর জেলা পরিষদ পরিচালনাধীন নিম্নলিখিত পুকুর বিল জলাশয় জেলা পরিষদ কর্তৃপক্ষের উপস্থিতিতে **কাজের বরাতের তারিখ থেকে ৩ বছরের জন্য** ইজারা বিলির জন্য বাৎসরিক দরপত্র আহব্বান করা হচ্ছে। উক্ত পুকুর/বিল/জলাশয় নিতে ইচ্ছুক প্রাইমারি ফিসারমেনস কো-অপারেটিভ সোসাইটি/ফিস প্রোডাকশন গ্রুপ/স্ব-নির্ভর গোষ্ঠী/ব্যাক্তিগত মৎস্য চাষী (পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর দ্বারা স্বীকৃত গ্রেড-১ পাশ) থেকে নিম্ন-নির্ধারিত তারিখ, সময় এবং স্থান আইনানুযায়ী লিখিত বাৎসরিক দরপত্র প্রদানের জন্য অনুরোধ করা হচ্ছে। পুকুরের বিবরন নিম্নরূপ-

| Sl No. | Name of the Pond | Block Name | Gram Panchayat | Mouza | JLNO | Plot No | Area | Base Price | Security Amount 35% |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | ENA DIGHI | Itahar | DURLAVPUR | SONAPUR | 30 | 50 | 3.39 | 26929 | 9425 |

বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময় ও স্থানে সংযুক্ত ফরমাটে প্রদেয় বাৎসরিক দর লিখে মুখ বন্ধ খামে জেলা পরিষদের নির্দিষ্ট দরপত্র বাক্সে জমা দিতে হবে। খামের উপর লীজে অংশগ্রহনকারীর নাম/ঠিকানা এবং যে জলাশয়ের জন্য দর প্রদান করা হচ্ছে তার নাম পরিস্কার করে লিখে জমা করতে হবে। প্রতি ক্ষেত্রে আবেদনকারিকে স্বীকৃত রেজিস্ট্রেশন নম্বরের প্রত্যায়িত প্রতিলিপি দিতে হবে।

দরপত্র প্রদানে অংশগ্রহণকারী উপরোক্ত সোসাইটি/গ্রুপ গোষ্ঠীর প্রদেয় বাৎসরিক দরের ৩৫% আমানত ব্যাঙ্ক ড্রাফট মারফৎ Additional Executive Officer, Uttar Dinajpur Zilla Parishad (Payable at SBI Karnajora) এর অনুকূলে দরপত্রের সঙ্গে জমা করতে হবে। সর্বোচ্চ দরদাতা বাদে অন্যান্যদের আমানত বাবদ অগ্রিম জমা ফেরৎ দেওয়া হবে।

প্রকাশ থাকে যে, এই বিজ্ঞপ্তির উল্লেখিত নির্দিষ্ট পরিমান নুন্যতম অর্থের কমে দরপত্র গ্রহন করা হবে না।

দরপত্র জমা দেওয়ার তারিখ/সময়ঃ **১৪-০১-২০২৬ থেকে ২১-০১-২০২৬ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত(ছুটির দিন বাদে)**

দরপত্র খোলার তারিখ/সময়/স্থানঃ **২১-০১-২০২৬ বেলা ৩.০০ ঘটিকা**, উদিজেপ এর রবীন্দ্র সভা কক্ষ।

**বিভিন্ন শর্তাবলী নিম্নে দেওয়া হ'ল।**

১। উত্তর দিনাজপুর জেলা পরিষদ পরিচালনাধিন সংশ্লিষ্ট তালিকায় পুকুর/বিল/ জলাশয় **৩ বছরের জন্য** পর্যন্ত লিজ দেওয়া হবে। জলাশয়ের জন্য সর্বোচ্চ বাৎসরিক দর সেই জলাশয়ের ঐ সময়ের জন্য খাজনা ধার্য্য হবে এবং প্রতি বছর ধার্য্য খাজনার উপর ৫% বর্ধিত হারে পরবর্তী নির্দিষ্ট বছর পর্যন্ত খাজনা জমা করতে হবে। প্রদেয় সর্বোচ্চ দর ১ম বার (২০২৫-২৬) সালের ধার্য্য হবে। ২য় বছর (২০২৬-২৭) এবং ৩য় বছরের (২০২৭-২৮) জন্য ৫% হারে বাৎসরিক দর ধার্য্য হবে।

২। প্রাইমারি ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি/ফিস প্রোডাকশন গ্রুপ/স্ব-নির্ভর গোষ্ঠি ইত্যাদিকে প্রাধান্য দেওয়া হবে ইহা ব্যতীত বাকী ব্যাক্তি বিশেষ, বেসরকারি ফার্ম বা প্রতিষ্ঠানের দরপত্র গ্রহণ করা হবে না।

৩। কোন কারন না দেখিয়ে দর গ্রহন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকবে এবং সে ক্ষেত্রে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৪। যে সব দরদাতা জলাশয় দখলের সুযোগ পাওয়ের পর জলাশয় নিতে অস্বীকার করবেন বা পরবর্তী অর্থ বছরের জন্য নবীকরণ করবেন না তাদের **আমানত বাবদ জমার টাকা** বাজেয়াপ্ত করা হবে। এছাড়া কোন প্রকার প্রতারণার জন্য ভারতীয় দন্ডবিধি অনুসারে দন্ডনীয় হবেন এবং জলাশয় নিলাম হলে তাতে জেলা পরিষদের যে ক্ষতি হবে তার জন্য তিনি দায়ি থাকবেন।

৫। যদি কোন দরদাতা নিজ নাম গোপন করে কাল্পনিক নামে আবেদন করেন অথবা নোটিশের শর্ত অথবা জেলা পরিষদের আদেশাদি পালন না করেন অথবা অন্য কোন প্রকারে জেলা পরিষদকে প্রতারিক করার চেষ্টা করেছেন বলে প্রমানিত হয় তবে তিনি আইনানুসারে দন্ডনীয় হবেন।

৬। যারা ইজারাদার নিযুক্ত হবেন, তারা ইজারা পাবার ০৩(তিন) দিনের মধ্যে জেলা পরিষদের নির্দিষ্ট চুক্তিপত্রে চুক্তি সম্পাদন করবে অন্যথায় পুকুর বিল বা জলাশয়ের দখলি পরোয়ানা দেওয়া যাবে না এবং যিনি এই পরোয়ানা না নিয়ে পুকুর, বিল বা জলাশয়ের দখল করবেন তিনি অনাদিকার প্রবেশের জন্য দন্ডনীয় হবেন।

ক্রমশঃ ২

৭। দুই বা অধিক দরখাতায় প্রদেয় গোষ্ঠীর প্রদেয়( সর্বোচ্চ) বাৎসরিক দর সমান হলে তাদের মধ্যে Table bid এর মাধ্যমে মীমাংশা করা হবে।

৮। **পুকুর /বিল/জলাশয় সংক্রান্ত শর্তাবলী ও নিয়ম কানুন নিম্নরূপঃ**

ক) পুকুর, বিল বা জলাশয়ের প্রাকৃতিক ভারসাম্য তথা বাস্তুরীতি বজায় রাখতে হবে।

খ) জলাশয়ে কোন প্রকার অপচনশীল আবর্জনা (প্লাষ্টিক, থমোকল, ঔষধের মোড়ক ইত্যাদি) তথা কোন প্রকার নোংরা ফেলা যাবে না।

গ) পার্শ্ববর্তী বসতি থেকে কোন পয়ঃপ্রণালীর জল জলাশয়ে যাতে না পড়ে সে দিকে সর্বদা নজর রাখতে হবে।

ঘ) পুকুর,বিল বা জলাশয় শুধুমাত্র মাছ চাষ এবং কৃষি সেচের জন্য ব্যবহার করা যাবে।

ঙ। পুকুর বিল বা জলাশয়ের পাড়ে কোন পাকা নির্মান কার্য করা যাবে না।

চ। পুকুর বিল বা জলাশয়ের ক্ষতি হয় এমন কোন রাসায়নিক পদার্থ ব্যবহার করা যাবে না।

ছ। পুকুর বিল বা জলাশয় সর্বদা কুচুরিপানা মুক্ত রাখতে হবে।

উপ-সচিব,
উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

স্মারক সংখ্যাঃ 67/1(20)/উদিজেপ/রিসো;মোবিঃ/XX/জলাশয় পরিচালন(লিজ)/২০২১/০০৫ দিনাঙ্কঃ 14/01/2026

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণ করা হ'ল-

১। সভাধিপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
২। নির্বাহী আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
৩। পুলিশ সুপার, উত্তর দিনাজপুর ।
৪। সহকারি সভাধিপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
৫। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
৬। সচিব, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
৭। জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, উত্তর দিনাজপুর।
৮। মহকুমা শাসক, রায়গঞ্জ/ইসলামপুর, উত্তর দিনাজপুর।
৯। জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, উত্তর দিনাজপুর।
১০। বিত্ত নিয়ামক ও মূখ্যগনন আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
১১। চেয়ারম্যান, টেন্ডার সিলেকশন কমিটি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
১২। কর্মাধ্যক্ষ, পূর্ত-কার্য্য ও পরিবহন স্থায়ী সমিতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
১৩। কর্মাধ্যক্ষ, বন-ও-ভূমি সংস্কার স্থায়ী সমিতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
১৪। শ্রী/শ্রীমতি______________________সদস্য/সদস্যা, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
১৫। মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, রায়গঞ্জ/ইসলামপুর, উত্তর দিনাজপুর।
১৬। নির্বাহী আধিকারিক, ইটাহার পঞ্চায়েত সমিতি, উত্তর দিনাজপুর। আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধ করা যচ্ছে।
১৭। প্রধান_______________________________, ইটাহার, উত্তর দিনাজপুর । আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধ করা যাচ্ছে।
১৮। জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, উত্তর দিনাজপুর।
১৯। ডি.আই. এ, উত্তর দিনাজপুর জেলা পরিষদ। আপনাকে জেলা পরিষদের ওয়েব সাইটে বিষয়টি সম্প্রচার করার জন্য অনুরোধ করা হচ্ছে।
২০। নোটিশ বোর্ড, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

উপ-সচিব,
উত্তর দিনাজপুর জেলা পরিষদ।